# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# তথ্য অধিদফতর
# বাংলাদেশ সচিবালয়
# ঢাকা

## সংবাদ গতিধারা

**জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার**

**সংখ্যা : ১৩৯/২০১৭-১৮**

**ঢাকা, বুধবার ১৭ জানুয়ারি ২০১৮, ৪ মাঘ ১৪২৪**

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে :

১। একনেকে ১৪ প্রকল্প অনুমোদন : তিন হাজার বিদ্যালয়ে একাডেমিক ভবন নির্মাণ হবে

২। বাংলাদেশ-মিয়ানমার চুক্তি স্বাক্ষর : দুই বছরে সম্পন্ন হবে রোহিঙ্গাদের প্রত্যাবাসন

৩। সরকারি সাড়ে ৩ লাখ শূন্য পদ দ্রুত পূরণের উদ্যোগ : সংসদে জনপ্রশাসনমন্ত্রী

৪। হাসপাতালে সেবার নামে হয়রানি বন্ধে আইন হচ্ছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী

৫। নদী ব্যবস্থাপনায় নেওয়া হয়েছে মহাপরিকল্পনা : সংসদে পানিসম্পদমন্ত্রী

৬। দলিল নিবন্ধনের পুরোনো পদ্ধতির অবসান হচ্ছে : সংসদে আইনমন্ত্রী

৭। উন্নয়ন সহযোগীদের নিয়ে বিডিএফ সম্মেলন শুরু আজ

৮। বরিশালে ৩৮ জলদস্যুর আত্মসমর্পণ

বাংলাদেশে দস্যুতা-জঙ্গিবাদ চলবে না : স্বরাষ্ট্রমন্ত্রী

৯। চাহিদামতো কর্মী পাঠাতে প্রস্তুত বাংলাদেশ : প্রবাসী কল্যাণমন্ত্রী

১০। কণ্ঠশিল্পী শাম্মী আখতারের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক

চলমান পাতা-২

**১। একনেকে ১৪ প্রকল্প অনুমোদন : তিন হাজার বিদ্যালয়ে একাডেমিক ভবন নির্মাণ হবে**

শিক্ষার্থীদের বর্ধিত চাহিদা পূরণ এবং শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিশ্চিত করতে সরকার তিন হাজার বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে একাডেমিক ভবন নির্মাণ ও আসবাবপত্র সরবরাহের উদ্যোগ নিয়েছে। এ লক্ষ্যে জাতীয় অর্থনৈতিক পরিষদের নির্বাহী কমিটি (একনেক) ১০ হাজার ৬৬৯ কোটি টাকা ব্যয়ে একটি প্রকল্পের অনুমোদন দিয়েছে। এই প্রকল্পটি বাস্তবায়ন হলে ৩০০ সংসদীয় এলাকায় বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের অবকাঠামোগত উন্নয়ন হবে। গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) 'নির্বাচিত বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়সমূহের উন্নয়ন' শীর্ষক প্রকল্পসহ ১৮ হাজার ৪৮৩ কোটি টাকা ব্যয়ে মোট ১৪টি প্রকল্পের অনুমোদন দেওয়া হয়। এর মধ্যে সরকারের নিজস্ব তহবিল থেকে ১৬ হাজার ৩৭০ কোটি ৮১ লাখ টাকা, সংস্থার নিজস্ব ব্যয় ৯৫ কোটি টাকা এবং প্রকল্প সাহায্য হিসেবে ২ হাজার ১৭ কোটি ১১ লাখ টাকা পাওয়া যাবে। রাজধানীর শেরেবাংলানগরে এনইসি সম্মেলন কক্ষে একনেক চেয়ারপারসন ও প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে একনেক সভা অনুষ্ঠিত হয়। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.১), **ইত্তেফাক** (পৃ.১,ক.৮), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান বিজনেস পাতা** (পৃ.১,ক.৩)।

**২। বাংলাদেশ-মিয়ানমার চুক্তি স্বাক্ষর : দুই বছরে সম্পন্ন হবে রোহিঙ্গাদের প্রত্যাবাসন**

মিয়ানমারে সেনাবাহিনীর গণহত্যার মুখে বাংলাদেশে পালিয়ে আসা রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়া দুই বছরের মধ্যে শেষ করার বিষয়ে সম্মত হয়েছে বাংলাদেশ ও মিয়ানমারের যৌথ ওয়ার্কিং গ্রুপ। দুই দেশের সীমান্তের জিরো পয়েন্টে অবস্থানকারী রোহিঙ্গাদের ফেরত পাঠানোর মধ্য দিয়েই প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু হবে। এই প্রক্রিয়ায় রোহিঙ্গাদের পরিচয় যাচাইয়ের জন্য একটি ফরম চূড়ান্ত করা হয় জয়েন্ট ওয়ার্কিং গ্রুপ বৈঠকে। যাচাই ও প্রত্যাবাসন প্রক্রিয়ায় প্রতি পরিবারকে একটি ইউনিট ধরা হবে। জানুয়ারির শেষ সপ্তাহ অথবা ফেব্রুয়ারির শুরুতেই প্রত্যাবাসন প্রক্রিয়া শুরু হবে বলে পররাষ্ট্র মন্ত্রণালয় সূত্র জানায়। গত ১৫ জানুয়ারি সোমবার মিয়ানমারের রাজধানী নেপিডোতে যৌথ ওয়ার্কিং গ্রুপের (জেডব্লিউজি) প্রথম বৈঠকে রোহিঙ্গাদের প্রত্যাবাসন প্রক্রিয়ার চুক্তির খসড়া চূড়ান্ত করা হয়। এরপর দীর্ঘ আলোচনা শেষে গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) চুক্তিতে স্বাক্ষর করেন বাংলাদেশ ও মিয়ানমারের যৌথ ওয়ার্কিং গ্রুপ। এতে বাংলাদেশের পক্ষে পররাষ্ট্র সচিব শহীদুল হক ও মিয়ানমারের পক্ষে পররাষ্ট্র সচিব মিন্ট থোয়ে স্বাক্ষর করেন। সূত্র-**সংবাদ** (পৃ.১,ক.১), **যুগান্তর** (পৃ.১,ক.৫), **সংবাদ, জনকণ্ঠ, ভোরের কাগজ, ইন্ডিপেনডেন্ট, নিউজ টুডে, নিউ এজ** এ বিষয়ে লিড নিউজ ছেপেছে।

**৩। সরকারি সাড়ে ৩ লাখ শূন্য পদ দ্রুত পূরণের উদ্যোগ : সংসদে জনপ্রশাসনমন্ত্রী**

জনপ্রশাসনমন্ত্রী সৈয়দ আশরাফুল ইসলাম বলেছেন, সরকারের বিভিন্ন মন্ত্রণালয় এবং আওতাধীন দফতরসমূহে বর্তমানে ৩ লাখ ৫৯ হাজার ২৬১ পদ শূন্য রয়েছে। শূন্যপদ দ্রুত পূরণের লক্ষ্যে ব্যবস্থা গ্রহণ করতে ইতোমধ্যে সব মন্ত্রণালয় ও বিভাগকে অনুরোধ জানিয়ে পত্র দেয়া হয়েছে। গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদের প্রশ্নোত্তর পর্বে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**সংবাদ** (শেষ পৃ.,ক.৪), **ইনকিলাব** ( পৃ.১,ক.১), **ডেইলি সান** (পৃ.১,ক.৩), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.১)।

**৪। হাসপাতালে সেবার নামে হয়রানি বন্ধে আইন হচ্ছে : সংসদে স্বাস্থ্যমন্ত্রী**

স্বাস্থ্যমন্ত্রী মোহাম্মদ নাসিম বলেছেন, রোগীকে আটকে রেখে টাকা আদায় করা অপরাধ। বেসরকারি হাসপাতালে সেবার নামে হয়রানি ও অর্থ আদায় বন্ধ করতে সরকার নতুন আইন করতে যাচ্ছে। গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে কার্যপ্রণালি বিধির ৭১ বিধিতে জরুরি জনগুরুত্বপূর্ণ নোটিশের জবাবে স্বাস্থ্যমন্ত্রী একথা বলেন। সূত্র-**প্রথম আলো** (পৃ.৫,ক.২), **যুগান্তর** (পৃ.৩,ক.৫)।

**৫। নদী ব্যবস্থাপনায় নেওয়া হয়েছে মহাপরিকল্পনা : সংসদে পানিসম্পদমন্ত্রী**

গঙ্গা-পদ্মা, ব্রহ্মপুত্র-যমুনা এবং মেঘনা নদীর ক্যাপিটাল ড্রেজিং ও নদী ব্যবস্থাপনা কার্যক্রমের মহাপরিকল্পনা গ্রহণ করা হয়েছে। পানিসম্পদমন্ত্রী আনোয়ার হোসেন বলেন, নাব্যতা রক্ষা তথা নদীগুলোকে তাদের পুরাতন অবস্থায় ফিরিয়ে আনার লক্ষ্যেই এ কার্যক্রম হাতে নেওয়া হয়েছে। গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে পানিসম্পদমন্ত্রী আনোয়ার হোসেন এক প্রশ্নের জবাবে এ কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **সংবাদ** (পৃ.২,ক.৩)।

**৬। দলিল নিবন্ধনের পুরোনো পদ্ধতির অবসান হচ্ছে : সংসদে আইনমন্ত্রী**

আইন, বিচার ও সংসদবিষয়ক মন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, দলিল নিবন্ধনের শত বছরের পুরোনো পদ্ধতির অবসান হচ্ছে। দ্রুতই আসছে ডিজিটাল পদ্ধতিতে দলিল নিবন্ধনের প্রক্রিয়া। দলিল নিবন্ধনের এই শত বছরের পুরোনো পদ্ধতির অবসান ঘটিয়ে আধুনিকায়নের কার্যক্রম হাতে নিয়েছে সরকার। গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) জাতীয় সংসদে প্রশ্নোত্তরপর্বে তিনি এ তথ্য জানান। সূত্র-**ইনকিলাব** (পৃ.১১,ক.৪), **সমকাল** (পৃ.১৯,ক.১), **নিউজ টুডে** (পৃ.৩,ক.২), **নিউ এজ** (শেষ পৃ.,ক.৬)।

**৭। উন্নয়ন সহযোগীদের নিয়ে বিডিএফ সম্মেলন শুরু আজ**

৭ম পঞ্চবার্ষিক পরিকল্পনা ও টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার বাস্তবায়ন অগ্রগতির পর্যালোচনাকে সামনে রেখে বাংলাদেশ উন্নয়ন ফোরামের দুই দিনব্যাপী সম্মেলন আজ (১৭ জানুয়ারি বুধবার) রাজধানীর একটি হোটেলে শুরু হতে যাচ্ছে। প্রধানমন্ত্রী শেখ হাসিনা ফোরামের উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। সভাপতিত্ব করবেন অর্থমন্ত্রী আবুল মাল আবদুল মুহিত। এবারের বিডিএফ বৈঠকে ৩৬ দেশের ৭০০ প্রতিনিধি যোগ দিচ্ছেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ.,ক.৮), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১,ক.২)।

**৮। বরিশালে ৩৮ জলদস্যুর আত্মসমর্পণ**

**বাংলাদেশে দস্যুতা-জঙ্গিবাদ চলবে না : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন বাংলাদেশে দস্যুতা, সন্ত্রাসবাদ, জঙ্গিবাদ চলবে না-এদের শিকড় উপড়ে ফেলা হবে। দেশের নিরাপত্তা বাহিনী অত্যন্ত শক্তিশালী। এখন আর কেউ দস্যুতা করে পার পাবে না। তাদের স্বাভাবিক জীবনে ফিরে আসতে সরকার নানামুখি পদক্ষেপ নিয়েছে, পুনর্বাসন করছে। সূত্র-**ইত্তেফাক** (শেষ পৃ.,ক.৫), **ইনকিলাব** (শেষ পৃ.,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.৩,ক.৬)।

**৯। চাহিদামতো কর্মী পাঠাতে প্রস্তুত বাংলাদেশ : প্রবাসী কল্যাণমন্ত্রী**

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থানমন্ত্রী নুরুল ইসলাম বিএসসি বলেছেন, বাংলাদেশ এখন অধিক প্রশিক্ষিত ও দক্ষ কর্মী তৈরি করছে। মরিশাসের চাহিদা অনুযায়ী যে কোনো সময় কর্মী পাঠানোর জন্য বাংলাদেশ প্রস্তুত। গত ১৫ জানুয়ারি সোমবার মরিশাসের রাষ্ট্রপতি ড. আমেনা গারিব ফাকিমের সঙ্গে সৌজন্য সাক্ষাৎকালে তিনি এসব কথা বলেন। সূত্র-**যুগান্তর** (পৃ.৩,ক.৪), **জনকণ্ঠ** (শেষ পৃ.,ক.৬), **নিউ এজ** (পৃ.৩,ক.৬), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.১৭,ক.১)।

**১০। কণ্ঠশিল্পী শাম্মী আখতারের ইন্তেকাল : প্রধানমন্ত্রীর শোক**

জাতীয় চলচ্চিত্র পুরস্কার বিজয়ী বরেণ্য সংগীতশিল্পী শাম্মী আখতার ইন্তেকাল করেছেন (ইন্নালিল্লাহি... রাজিউন)। ক্যান্সারে আক্রান্ত হয়ে দীর্ঘদিন শয্যাশায়ী থাকার পর গতকাল (১৬ জানুয়ারি মঙ্গলবার) শেষ নিঃশ্বাস ত্যাগ করেন তিনি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৬২ বছর। শাম্মী আখতারের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সংস্কৃতিমন্ত্রী আসাদুজ্জামান নূর। সূত্র-**সমকাল** (শেষ পৃ.,ক.১), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ.,ক.১), **ডেইলি সান** (শেষ পৃ.,ক.৮)।

## সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** আর্সেনিকের ঝুঁকি মোকাবিলায় সবাইকে সচেতন হওয়ার আহ্বান।

খ. **প্রথম আলো :** ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন এফবিসিসিআই আয়োজিত এক অনুষ্ঠানে ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাভিত্তিক ব্যবসায়ী সংগঠনের নেতারা ব্যবসা-বাণিজ্য পরিচালনার ক্ষেত্রে যেসব সমস্যা তুলে ধরেছেন তা আমলে নিয়ে ব্যবসাবান্ধব পরিবেশ গড়ে তোলার ওপর গুরুত্বারোপ।

গ. **সংবাদ :** সৌদি আরবে নির্যাতনের শিকার হয়ে শেলটার হোমে আশ্রয় নিয়ে প্রায় চারশ' নারী গৃহকর্মী দেশে ফিরেছেন উল্লেখ করে নির্যাতিতদের আইনি সহায়তা দেওয়ার সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ :** রোহিঙ্গাদের প্রত্যাবাসন নিশ্চিত করতে বাংলাদেশ সর্বোচ্চ প্রচেষ্টা আরোপ করবে বলে আশা প্রকাশ।

ঙ. **সমকাল :** রাজধানীর বনানীতে নির্মিত ফুডকোর্টে মাদকের ছোবল পড়েছে উল্লেখ করে এ ব্যাপারে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

চ. **ডেইলি স্টার :** ভারত থেকে সুতা আমদানি হঠাৎ করে বাধাগ্রস্ত হওয়ায় স্থানীয় পোশাক কারখানাগুলো সমস্যার মুখোমুখি হওয়ার বিষয়টি উপলব্ধি করে শুধু একদেশের ওপর নির্ভর না করে অন্যান্য দেশ থেকেও সুতা আমদানির ব্যবস্থা রাখার সুপারিশ।

ছ. **ইন্ডিপেনডেন্ট :** নরসিংদীর পলাশ উপজেলার ঘোড়াশাল বিদ্যুৎ উন্নয়ন বোর্ড হাইস্কুলে প্রথম থেকে ষষ্ঠ শ্রেণির শিক্ষার্থীদের কাছ থেকে ১৫,০০০ টাকা থেকে ২৫,০০০ টাকা পর্যন্ত অতিরিক্ত ভর্তি ফি আদায়ের ঘটনা তুলে ধরে এ ধরনের অনৈতিক কাজ বন্ধে কঠোর পদক্ষেপ নেওয়ার সুপারিশ।

জ. **ডেইলি সান :** বাংলাদেশের জন্য এডিবির ঋণ সুবিধাকে প্রকল্প বাস্তবায়নে কার্যকরভাবে কাজে লাগিয়ে দেশের টেকসই প্রবৃদ্ধি নিশ্চিত করার আহ্বান।

ঝ. **এশিয়ান এজ :** শীতের প্রভাবে শীতকালীন চাষাবাদ ও ফসলের ব্যাপক ক্ষতির আশঙ্কা করে ফসলের সরবরাহ নিশ্চিত করতে প্রয়োজনীয় আমদানির ব্যবস্থা করার আহ্বান।

ঞ. **নিউ নেশন :** ঢাকাভিত্তিক ৫১ শতাংশ এনজিও আয়কর রিটার্ন দাখিল না করায় এসব এনজিওর বিরুদ্ধে এনবিআরকে আইনি পদক্ষেপ নেওয়ার প্রত্যাশা করে সম্পাদকীয় প্রকাশ।

## উপসম্পাদকীয়

**জনকণ্ঠ** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, পুরো শিক্ষা ব্যবস্থাকে একটি সমন্বিত নীতিমালার মধ্যে এনে অনিয়মের জটগুলো একে একে খুলতে হবে।

## নিবন্ধ ও ফিচার

**যায়যায়দিন** পত্রিকায় প্রকাশিত **'বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা'** শিরোনামের নিবন্ধে অভিমত প্রকাশ করা হয়েছে, স্বাধীনতা যুদ্ধের মধ্য দিয়ে অর্জিত বাংলাদেশ যতদিন থাকবে, ততদিন বঙ্গবন্ধু অপরিহার্য হয়ে থাকবেন।

#

শুকলা/মরজিনা/সাঈদা/রশীদ/তানিয়া/৯.০০ঘন্টা/২০১৮